

# বুপালী ব্যাংক লিমিটেড

পরিকল্পনা ও গবেষণা বিভাগ

প্রধান কার্যালয়, ঢাকা।

বুপালী ব্যাংক লিমিটেড এর 'সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি'র ২০২২-২৩ অর্থবছরের ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর) সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ হারুনুর রশীদ, মহাব্যবস্থাপক ও সভাপতি, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি  
সভার স্থান : কমিটি রুম (৩য় তলা), বুপালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা  
তারিখ ও সময় : ১৫-১২-২০২২খ্রি. তারিখ, বৃহস্পতিবার, বিকাল ০৪.০০ টা  
উপস্থিতি : পরিশিষ্ট-ক

১। সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রথমেই তিনি বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত আবশ্যিক লক্ষ্যমাত্রা অর্জনের উদ্দেশ্যে এ ব্যাংকের সিটিজেন্স চার্টার হালনাগাদকরণ এবং সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩ অনুযায়ী এতৎসংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় প্রমাণক যথাসময়ে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণ করার বিষয়ে আলোকপাত করেন। এছাড়াও এ ব্যাংকের প্রদত্ত সেবাসমূহ সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে ব্যাংকের ওয়েব সাইটে প্রদর্শন, যথাসময়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন এবং মাঠ পর্যায়ে নিয়মিত প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা করেন।

২। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত সিদ্ধান্ত গৃহীত হয়-

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	পদোন্নতি/বদলি জনিত কারণে সেবা প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম পরিবর্তন করা।	হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার)'তে পদোন্নতি/বদলিজনিত কারণে পরিবর্তিত দায়িত্বপ্রাপ্ত সেবা প্রদানকারী কর্মকর্তার নাম অন্তর্ভুক্ত করা।	পরিকল্পনা ও গবেষণা বিভাগ
২.	সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে ওয়েবসাইটে ত্রৈমাসিক ভিত্তিতে প্রদর্শন।	সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে ওয়েবসাইটে প্রদর্শন করতে হবে।	আইসিটি সিস্টেমস/ পরিকল্পনা ও গবেষণা বিভাগ বিভাগ
৩.	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২৩ অনুযায়ী এতৎসংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন।	বুপালী ব্যাংক ট্রেনিং একাডেমির মাধ্যমে লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ আয়োজনের জন্য পত্র প্রেরণ করা।	বুপালী ব্যাংক ট্রেনিং একাডেমি
৪.	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২৩ অনুযায়ী অবহিতকরণ সভা আয়োজন।	এ ব্যাংকের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করতে হবে।	পরিকল্পনা ও গবেষণা বিভাগ

৫। অতঃপর উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ হারুনুর রশীদ)  
মহাব্যবস্থাপক ও সভাপতি  
পরিবীক্ষণ কমিটি